# AKASHVANI(AIR)
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 22-02-2026** **Time: 1.40 PM**

বিশেষ বিশেষ খবর –

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, আমাদের দেশের কৃষকরা শুধুমাত্র অন্নদাতা নন, তারা দেশের মাটির পুজারীও।

আকাশবাণীতে আজ ১৩১-তম মন-কি-বাত অনুষ্ঠানে তিনি দেশ-বিদেশের মানুষের সঙ্গে তার চিন্তাভাবনা ভাগ করে নিয়ে একথা বলেন । তিনি বলেন মাটিকে সোনায় রূপান্তরিত করতে কৃষকরা ঐতিহ্যের পাশাপাশি প্রযুক্তি ব্যবহারেও দক্ষ হয়ে উঠছেন।

২) ভারত সদ্ সমাপ্ত এ আই ইমপ্যাক্ট শীর্ষ সম্মেলনে কৃত্রিম মেধার প্রয়োগ কিভাবে আগামী দিনে করা হবে তা নিয়ে বিস্তারিতভাবে আলোচনা হয়েছে বলে প্রধানমন্ত্রী জানিয়েছেন।

৩) দেশজুড়ে অঙ্গদান নিয়ে সচেতনতা বৃদ্ধি পাওয়ায় সন্তোষ প্রকাশ করেন তিনি।

৪) সুপ্রিম কোর্টের নির্দেশের পর এস আই আর প্রক্রিয়ায় দায়িত্ব বন্টন নিয়ে তালিকা প্রস্তুত করতে বৈঠক করেছে কলকাতা হাইকোর্ট।
আগামীকাল থেকে কাজ শুরু করার নির্দেশ দেওয়া হয়েছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, আমাদের দেশের কৃষকরা শুধুমাত্র অন্নদাতা নন, তারা দেশের মাটির পুজারী। আকাশবাণীতে আজ ১৩১-তম মন-কি-বাত অনুষ্ঠানে তিনি দেশ-বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেওয়ার সময় বলেন, সক্ষম নাগরিকই আত্মনির্ভর ভারত গঠন করতে পারেন। মাটিকে সোনায় রূপান্তরিত করতে কৃষকরা বর্তমান সময় ঐতিহ্যের পাশাপাশি প্রযুক্তির ব্যবহারেও দক্ষ হয়ে উঠছেন। শুধুমাত্র উৎপাদন নয়, বরং গুণমান বৃদ্ধি ও নতুন নতুন বাজার সৃষ্টিতে কৃষকরা মনোযোগ দিচ্ছেন।

(বাইট – কৃষি প্রযুক্তি)

আমাদের কৃষকদের পরিশ্রমের ফল পরিসংখ্যানেই স্পট হয়ে যায় বলে তিনি জানান। ভারত আজ বিশ্বে সব থেকে বড় চাল উৎপাদনকারী দেশ। ১৫ কোটি টনের ওপর চাল উৎপাদন করে শুধু মাত্র আমাদের দেশের প্রয়োজন পুর করছে না, বিশ্ব বাজারেও এই চাল সরবরাহ করা হচ্ছে।

( প্রধানমন্ত্রী – ভারত/ চাল)

ভারত এ আই ইমপ্যাক্ট শীর্ষ সম্মেলনে কৃত্রিম মেধার প্রয়োগ কিভাবে আগামী দিনে করা হবে তা নিয়ে বিস্তারিতভাবে আলোচনা হয়েছে। তিনি জানান, এই শীর্ষ সম্মেলনে বিশ্ব নেতৃত্ব এবং কৃত্রিম মেধা নিয়ে কাজ করছে এধরনের সংস্থার কার্যনির্বাহী আধিকারিকদের সঙ্গে তিনি সাক্ষাৎ করেছেন। এই সম্মেলনে ভারতের দুটি উদ্ভাবন যথেষ্ট আলোচিত হয়েছে। তার মধ্যে একটি হলো, আমাদের প্রাচীন গ্রন্থগুলিকে বর্তমান প্রজন্মের উপযোগীকে করে উপস্থাপিত করা।

(বাইট – প্রাধানমন্ত্রী/ কৃত্রিম মেধা)

দেশজুড়ে অঙ্গদান নিয়ে সচেতনতা বৃদ্ধি পাওয়ায় প্রধানমন্ত্রী সন্তোষ প্রকাশ করেছেন। কেরালার ১০ মাসের শিশু আলিম সেরিম আব্রাহামের প্রয়াণের পর তার

শোকস্তব্ধ বাবা-মা ওই ছোটো শিশুর অঙ্গদান করার সিদ্ধান্ত নিয়েছেন – যা এক যুগান্তকারী ঘটনা।

(বাইট – অঙ্গদান)

পশ্চিমবঙ্গের গৌরাঙ্গ ব্যানার্জী ফুসফুস প্রতিস্থাপন করে দু-বার নাথুলা সফর করায় তিনি সন্তোষ প্রকাশ করেন।

(বাইট – ফুসফুল প্রতিস্থাপন)

প্রধানমন্ত্রী পরীক্ষা-পে-চর্চা অনুষ্ঠানটি উল্লেখ করে বলেন, পরীক্ষার্থীদের পরীক্ষায় ভয় পাওয়াটা স্বাভাবিক। কিন্তু এটা মনে রাখা দরকার নিজের ওপর আস্থা রাখো মার্কসিট কখনোই গুরুত্বপূর্ণ বিষয় নয়। পরীক্ষার্থীদের নম্বর নয়, গুরুত্ব দেওয়া উচিত প্রচেষ্টাকে।

(বাইট – পরীক্ষা-পে-চর্চা)

শ্রী মোদী চলতি রমজান মাস এবং আগামী হোলি উৎসব উপলক্ষে দেশবাসীকে শুভ কামনা জানান। তিনি বলেন, সকলে উৎসব উদযাপন করুণ। তবে, তিনি উৎসবে স্বদেশী জিনিষপত্র কেনার আহ্বান জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য আজ সকালে খড়দায় পানীহাটি ভিলেজ ব্যাংকয়েট হলে দলের নেতা কর্মীদের সঙ্গে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মন কি বাত অনুষ্ঠান শোনেন। এরপর রাজনৈতিক হিংসায় প্রাণ হারানো দলীয় কর্মীদের পরিবারের সদস্যদের সঙ্গে সাক্ষাৎ করেন। কর্মসূচি শেষে শমীক বাবু সাংবাদিকদের বলেন, ভোট ঘোষণার আগেই নির্বাচন কমিশনের বাংলায় কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের সিদ্ধান্ত বাংলার লজ্জা বলে শমীক বাবু মন্তব্য করেন। সব ফর্ম সেভেন জমা পড়বে, এস আই আর প্রক্রিয়া সঠিক ভাবে সম্পন্ন হবে, তবেই রাজ্যে ভোট এর ঘোষণা করতে হবে বলে তিনি দাবি করেন। রাজ্যের দুর্ভাগ্য যে এস আই আর প্রক্রিয়া সম্পন্ন করার জন্য আদালতের দ্বারস্থ হতে হচ্ছে। এই পরিস্থিতি

তৃণমূল কংগ্রেস তৈরি করেছে। রাজ্যে যেভাবে জঙ্গিরা নিরাপদ আশ্রয় পাচ্ছে তা উদ্বেগের বিষয়, দল মত নির্বিশেষে এর বিরুদ্ধে সোচ্চার হওয়া উচিত বলে শমীক বাবু মন্তব্য করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এবারের স্পটলাইট-এ শুনবেন প্রধানমন্ত্রীর মন কি বাত নিয়ে বিশেষ অনুষ্ঠান। আমরা কথা বলেছি বিভিন্ন মানুষের সঙ্গে তাদের মতামত জানতে। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত আটটা ৩০ মিনিটে সঞ্চয়িতা প্রচার তরঙ্গে। আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও এটি পাওয়া যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সুপ্রিম কোর্টের নির্দেশের পর SIR প্রক্রিয়ায় দায়িত্ব বন্টন নিয়ে বিচারকদের তালিকা প্রস্তুত করতে বৈঠক করেছে কলকাতা হাইকোর্ট। এসআইআর প্রক্রিয়া দ্রুত ও নির্ভুলভাবে সম্পন্ন করতে বিচারবিভাগীয় আধিকারিকদের নিয়োগের কাজ শুরু হয়েছে। আজ উত্তর কলকাতার জেশপ ভবনে বিচারক ও নির্বাচন কমিশনের প্রতিনিধিদের নিয়ে জরুরি বৈঠক শুরু হয়েছে। সেখানে শুনানির পদ্ধতি, নথি যাচাই এবং সময়সীমা মেনে নিষ্পত্তির রূপরেখা চূড়ান্ত করা হবে।

আদালত স্পষ্ট জানায়, আগামীকাল থেকেই কাজ শুরু করতে হবে। তার আগে প্রত্যেক জেলাতেই বিচারকদের বৈঠক করে দায়িত্ব বুঝে নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। যাঁরা প্রক্রিয়ার খুঁটিনাটি আগে থেকে স্পষ্ট করতে চান, তাঁরা আগাম বৈঠক করতে পারবেন বলেও জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সুপ্রিম কোর্টের নির্দেশ মত প্রত্যেক জেলায় SIR এর কাজ সুষ্ঠু ভাবে সম্পন্ন করতে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি তিন সদস্যের কমিটি তৈরি করে দিয়েছেন। কমিটিতে থাকবেন সংশ্লিষ্ট জেলার জেলা বিচারক, জেলা শাসক এবং জেলার এসপি।

অন্যদিকে এই পরিস্থিতিতে কোন জরুরি মামলার শুনানি যাতে অন্য কোন বিচারকের বেঞ্চে করা যায় সে বিষয়ে বিবেচনা করতে কলকাতা হাইকোর্টের বিচারপতি তপব্রত চক্রবর্তী, বিচারপতি অরিজিৎ বন্দ্যোপাধ্যায়, রেজিস্ট্রার জেনারেল নবনীতা রায়, রেজিস্ট্রার জুডিশিয়াল রাজু মুখার্জি, ও প্রধান বিচারপতির আপ্ত সহায়ক জয়েন্ট রেজিস্ট্রার অজয় কুমার দাসকে নিয়ে কমিটি তৈরি করে দিয়েছেন প্রধান বিচারপতি।

oooooooooooooooooooooooooooo

নির্বাচন কমিশন আগামী মঙ্গলবার ২৪ ফেব্রুয়ারি নতুন দিল্লীতে রাজ্য নির্বাচন কমিশনারদের নিয়ে জাতীয় গোলটেবিল বৈঠকের আয়োজন করেছে। দেশের মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার এই বৈঠকের সভাপতিত্ব করবেন। উপস্থিত থাকবেন নির্বাচন কমিশনার সুখবীর সিং সান্ধু ও বিবেক যোশী। বৈঠকে সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের রাজ্য নির্বাচন কমিশনাররা তাঁদের আইনি ও প্রযুক্তিগত বিশেষজ্ঞদের নিয়ে অংশ নেবেন। পাশাপাশি ৩৬টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিকেরাও বৈঠকে যোগ দেবেন ।

দীর্ঘ ২৭ বছর পর নতুন দিল্লির ভারত মণ্ডপমে দিনভর এই সম্মেলন আয়োজন করছে নির্বাচন কমিশন। শেষবার এমন বৈঠক হয়েছিল ১৯৯৯ সালে। ।

সম্মেলনের মূল লক্ষ্য, নির্বাচন প্রক্রিয়া ও লজিস্টিক ব্যবস্থাপনায় সমন্বয় জোরদার করা এবং পারস্পরিক সহযোগিতার মাধ্যমে প্রক্রিয়াকে আরও শক্তিশালী করা। আলোচনায় প্রযুক্তি বিনিময়, ইভিএম, ভোটার তালিকা এবং নির্বাচনী ব্যবস্থার

স্বচ্ছতা ও সুরক্ষা নিয়ে বিস্তারিত পর্যালোচনা হবে। সদ্য চালু হওয়া ‘ইসিনেট’ ডিজিটাল প্ল্যাটফর্মের কার্যকারিতাও তুলে ধরা হবে ।

oooooooooooooooooooooooo

বায়ু প্রবাহের গতিপথ পরিবর্তন এবং পশ্চিমী ঝঞ্ঝার কারণে আগামীকাল থেকে সারা রাজ্যেই মেঘলা আকাশ এবং বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা। আলিপুর আবহাওয়া দফতরের বিজ্ঞানী অণ্বেষা ভট্টাচার্য আকাশবাণীকে একথা জানিয়েছেন।

এদিকে, আজ সর্বনিম্ন তাপমাত্রা আরো কিছুটা বেড়েছে। আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২০ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের চেয়ে প্রায় এক ডিগ্রি বেশি।

ooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo